

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৫.১৬৮.১১৭.০১.০০.০৩৫.২০১৩-৭৯—গত ০৮-১০-২০১৩ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গিকার অনুসারে বাংলাদেশ সরকারি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজসমূহে মিয়ানমার ছাত্র-ছাত্রীদের জন্য আসন সংরক্ষণ ও শিক্ষাবৃত্তি প্রদান এবং গত ০৭-১০-২০১৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপ। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) ২০১২-১৩ এবং ২০১৩-১৪ সেশনে 'এ লেভেল' উত্তীর্ণ শ্রীলঙ্কান শিক্ষার্থী বাংলাদেশ মেডিক্যাল/ডেন্টাল কলেজসমূহে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন। অর্থাৎ এখন থেকে নির্ধারিত বছরের ঠিক পূর্ববর্তী ০২(দুই) বছরে যারা 'এ লেভেল' পাশ করেছে তাদেরকে ভর্তির সুযোগ দেওয়া হবে।
- (২) মিয়ানমারের মেডিক্যাল শিক্ষার্থীদের সার্কভুক্ত দেশসমূহের মেডিক্যাল শিক্ষার্থীদের ন্যায় সকল সুযোগ-সুবিধা প্রদান করা এবং এমবিবিএস কোর্সে ০৫ (পাঁচ)টি আসনের পাশাপাশি বিডিএস কোর্সে ০২(দুই)টি আসন বরাদ্দ দেওয়ার সুপারিশ গৃহীত হয়।
- (৩) ফিলিস্তিনী শিক্ষার্থীদের জন্য বাংলাদেশের মেডিক্যাল/ডেন্টাল কলেজসমূহে বর্তমান ১০(দশ)টি এমবিবিএস আসনের পাশাপাশি ০২(দুই)টি বিডিএস আসন বরাদ্দ দেওয়ার সুপারিশ গৃহীত হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খান মোঃ নূরুল আমীন

উপ-সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৭৯৩)

মূল্য : টাকা ৪.০০